ভোরের কাগজ

তারিখ JAN. 1 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

571

জানান।

# নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা রোববার মুক্ত আলোচনার আয়োজন করেছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীরা আন্দোলনের ধারাবাহিকতায় আগামী রোববার মুক্ত আলোচনা এবং মঙ্গল ও বুধবার বিক্ষোভ মিছিলের কর্মসূচি পালন করবে। মধুর কেন্টিন গতকাল বৃহস্পতিবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে তারা এ কর্মসূচি ঘোষণা করেছে।

'ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়নবিরোধী আন্দোলন ও আমাদের ৬ দফা' শীর্ষক আগামী রোববারের মুক্ত আলোচনায় অংশ নেবেন ছাত্রছাত্রী, বুদ্ধিজীবী, লেখক ও রাজনৈতিক নেতৃবৃন্দ। এ ছাড়া আগামী বুধবার তদন্ত কমিটির রিপোর্ট পেশের দিনে বিক্ষোভ মিছিল ও উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ভূতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র খান মোহাম্মদ রকিব। সংবাদ সম্মেলনে এ ছাড়াও শাহানা, শাহানাজ তাসলিমা, শ্যামলী, লিমা, রুনু, মনি বহ্নি ও রুপা উপস্থিত ছিলেন।